# উপজেলা সমাজকল্যাণ কমিটি, সরিষাবাড়ীর সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আবুল কালাম আজাদ
ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

স্থান : ভাইস-চেয়ারম্যানের অফিস কক্ষ, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী।
তারিখ : ০৫/০১/২০২৩ খ্রি.
সময় : সকাল ১০:৩০ ঘটিকা

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সদস্য সচিবকে সভার আলোচ্য সূচি মোতাবেক আলোচনা করার অনুরোধ জানান। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | বিভিন্ন ভাতা সংক্রান্ত আলোচনা। | সদস্য সচিব সভায় জানান যে, সরিষাবাড়ী উপজেলায় উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত ভাতা সমূহ নিম্নরূপঃ<br>ভাতার নাম — ভাতাভোগীর সংখ্যা<br>বয়স্ক ভাতা — ১৮৭৩০ জন<br>বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা — ৮২৫৩ জন<br>প্রতিবন্ধী ভাতা — ৪৭১২ জন<br>অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ বয়স্ক ভাতা — ১০৯ জন<br>উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতার অক্টোবর- ২০২২ খ্রি. থেকে ডিসেম্বর-২০২২ খ্রি. পর্যন্ত ০৩ মাসের পেরোল ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। আশা করা যাচ্ছে জানুয়ারির ১৫ তারিখের পর যে কোন সময় ভাতাভোগীর স্ব স্ব নগদ ওয়ালেটে ভাতার টাকা যুক্ত হবে। এছাড়া প্রতিবন্ধী ভাতার ২০২২-২৩ অর্থ বছরের অতিরিক্ত বরাদ্দ সংশ্লিষ্ট উপজেলা কমিটির বিগত ২৭.১২.২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় অনুমোদিত হয়েছে। হিসাব খোলার কাজ চলমান আছে। | ভাতা বরাদ্দ অনুযায়ী নিয়মিত পরিশোধ অব্যাহত রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী, জামালপুর। |
| ০২. | অন্যান্য কাযক্রম | সদস্য সচিব সভায় জানান যে, প্রতিবন্ধী ব্যক্তির শনাক্তকরণ জরিপ কার্যক্রম চলমান রয়েছে। পল্লী সমাজসেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এসিড দগ্ধপ্রতিবন্ধী পুনবাসন কার্যক্রম চলমান আছে। ক্যান্সার ,কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকেপ্যারালাইড, থ্যালাসেমিয়া ও লিভারসিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত নির্ধারিত ফরমে আবেদনের হার্ডকপি প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা প্রদান করতে হবে। | প্রতিবন্ধী ব্যক্তির শনাক্তকরণ জরিপ কার্যক্রমসহ অন্যান্য কাযক্রম যথা নিয়মে সম্পন্ন করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী, জামালপুর। |
| ০৩. | বিবিধ | সদস্য সচিব সভায় জানান যে, ২ জানুয়ারী জাতীয় সমাজসেবা দিবস- ২০২২ যথাযথ ভাবে উদযাপিত হয়েছে। এ জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার সহ | সরকারি শিশু পরিবার (বালক), | ক. উপজেলা সমাজসেবা অফিসার, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। এ ছাড়া তিনি আরও দুটি বিষয় সভায় অবহিত করেন, ০১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সরকারি শিশু পরিবার (বালক), জামালপুর এ ০৬-০৯ (ছয় থেকে নয়) বছর বয়সী নিম্নেবর্ণিত (ছেলে) শিশুদের ভর্তি করা হচ্ছে। ভর্তিকৃতদের শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে সুনাগরিক হিসেবে গড়ে তোলার জন্য সম্পূর্ণ সরকারী খরচে ১৮ (আঠারো) বছর বয়স পযন্ত উক্ত প্রতিষ্ঠানে আবাসিকভাবে লালন-পালন করা হয়।<br>ক। পিতৃহীন, মাতৃহীন বা পিতৃমাতৃহীন শিশু।<br>খ। আইনানুগ বা বৈধ অভিভাবকহীন শিশু।<br>গ। পিতামাতা উভয়ে দীর্ঘ কারাভোগে থাকলে।<br>ঘ। নির্দিষ্ট কোন গৃহ বা আবাসস্থলহীন শিশু।<br>ঙ। শিশু আদালত বা বোর্ড কর্তৃক বিবেচিত শিশু।<br>ভর্তির জন্য নির্ধারিত ফরমে উল্লেখিত যে কোন এক বা একাধিক যোগ্যতার দলিলাদিসহ আবেদন করতে হবে। প্রয়োজনীয় তথ্যের জন্য সরকারি শিশু পরিবার (বালক), জামালপুর অথবা উপজেলা সমাজসেবা কার্যালয়, সরিষাবাড়ী, জামালপুর বরাবর যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।<br>০২। সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কাযক্রমের আওতায়, জামালপুরে ব্রেইল পদ্ধতিতে পড়ার উপযুক্ত ০৬-০৯ (ছয় থেকে নয়) বছর বয়সী দৃষ্টি প্রতিবন্ধী ছেলেদের আবাসিক মেয়েদের অনাবাসিক শিক্ষা কাযক্রমে ভর্তি করা হবে। ভর্তির জন্য সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম, সিংহজানী বালক উচ্চ বিদ্যালয়, জামালপুর অথবা উপজেলা সমাজসেবা কার্যালয়, সরিষাবাড়ী, জামালপুর বরাবর যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।<br>উল্লেখিত বিষয় দুটি প্রচারে সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ উপস্থিত সকলকে অনুরোধ করা হলো<br>এছাড়া ও অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | জামালপুর ও সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কাযক্রম নিবাসী ভর্তি বিষয়ে সকলের সহযোগিতা চেয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সরিষাবাড়ী, জামালপুর।<br>খ. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) সরিষাবাড়ী, জামালপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবুল কালাম আজাদ
ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা সমাজকল্যাণ কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।

স্মারক নং: ৪১.০১.৩৯৮৫.০০০.১৬.০১০.১৯- ৮৮৪ তারিখঃ ০৫/০১/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

০১। জনাব আলহাজ্ব ডাঃ মোঃ মুরাদ হাসান, মাননীয় জাতীয় সংসদ সদস্য-১৪১, (জামালপুর-০৪)।

০২। জেলা প্রশাসক, জামালপুর।

০৩। উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জামালপুর।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

০৫। উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।

০৬। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

০৭। চেয়ারম্যান, ..............................ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

০৮। জনাব .........................................................................................

০৯। অফিস কপি।

০৫/০১/২০২৩

মোঃ আরিফুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্যসচিব
উপজেলা সমাজকল্যাণ কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।

**উপজেলা সমাজকল্যাণ কমিটি, সরিষাবাড়ীর জানুয়ারী /২০২৩ খ্রিঃ মাসের উপস্থিতির স্বাক্ষর শীটঃ**

<u>তারিখঃ ০৫/০১/২০২৩ খ্রিঃ</u>

| ক্র. নং | নাম /পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব আবুল কালাম আজাদ, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী | | |
| ০২. | জনাব আবু তাহের, চেয়ারম্যান, সাতপোয়া ইউনিয়ন পরিষদ | | |
| ০৩. | জনাব মোঃ নজরুল ইসলাম, চেয়ারম্যান, পিংনা ইউনিয়ন পরিষদ | | |
| ০৪. | জনাব মোঃ আব্দুস সালাম, চেয়ারম্যান, কামরাবাদ ইউনিয়ন পরিষদ | | |
| ০৫. | জনাব মোঃ আরিফুর রহমান,উপজেলা সমাজসেবা কর্মকর্তা , সরিষাবাড়ী | 01679540168 | |